

(২)

Ex./BANGLA/PG/1.3/4/2017

৪. নরভিন হেইন সংগৃহীত ব্রজভূমির -ই হোক বা শ্রীকৃষ্ণকীর্তন কাব্যই হোক, আখ্যানগুলি আঞ্চলিক পরিচয় সাহিত্য হিসেবে মৌখিক ধারায় প্রচলিত ছিল বলে মনে করার সঙ্গত কারণ আছে কিনা জানিয়ে শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের আখ্যানগুলি যে শাস্ত্রীয় কাহিনির থেকে পৃথক ঐতিহ্য বহন করে তা সংক্ষেপে আলোচনা করো। ১০

৫. ‘পদ্মাবতী’ কাব্যের রূপকধর্মিতা কাব্যটির রসাস্বাদনে অপরিহার্য কিনা তা আলোচনা করো। ১০

অথবা

৬. ‘ইতিহাসে পদ্মাবতী নেই কিন্তু পদ্মাবতীর ইতিহাস আছে।’—সমালোচকের এই মন্তব্যের আলোকে আলাওলের ‘পদ্মাবতী’র উৎস উল্লেখ করে মূল কাহিনির সঙ্গে তোমার পড়া পদ্মাবতী চরিত্রটির তুলনামূলক আলোচনা করো। ৩+৭=১০

৭. দেবতা থেকে মানুষ—এই কাব্যে কম-বেশি সকলেই দারিদ্র্যপীড়িত। যদিও ‘দেবীর কুপায়’ শেষপর্যন্ত কেউ কেউ ‘মজুমদার’, ‘কানুনগো’ ইত্যাদি ‘পদ’ থেকে ব্যক্তিগত শ্রীবৃদ্ধি ঘটিয়েছেন। ‘অন্নদামঙ্গল’ কাব্যে যে ঐতিহাসিক প্রসঙ্গ ভারতচন্দ্র উপস্থিত করেছেন তার মধ্যেই এই সম্ভাবনা রয়েছে।—এই প্রস্তাবটিকে তুমি কীভাবে ব্যাখ্যা করবে লেখো। ১০

অথবা

৮. প্রথম খণ্ডে বসুন্ধর-বসুন্ধরার আখ্যান প্রসঙ্গে যে ‘চতুর্বর্গ’ সাধনার কথা বলা হয়েছে সেটিই পরবর্তী খণ্ডের ‘বিদ্যাসুন্দর’ আখ্যানকে অন্নদামঙ্গল কাব্যে প্রাসঙ্গিক করে তুলেছে।—তুমি এই প্রস্তাবটিকে কীভাবে বিবেচনা করবে লেখো।

স্নাতকোত্তর অন্ত্য সেমিস্টার পরীক্ষা, ২০১৭

(প্রথম বর্ষ, প্রথম সেমিস্টার)

বাংলা

প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য

কোর্স পি.জি. - ১.৩

সময় দু’ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর লেখো

১. ‘উৎপন্নক্রম’ আর ‘উৎপত্তিক্রম’ বলতে কী বোঝায় তা ২ এবং ৩ সংখ্যক চর্যাগানের ব্যাখ্যার মাধ্যমে বুঝিয়ে লেখো। ৫+৫=১০

অথবা

২. ২৯ সংখ্যক চর্যাগানে লুইপাদ ‘সহজ’কে ‘উদক চান্দ’-র সঙ্গে উপমিত করেছেন। ‘সহজ’-এর স্বরূপ আলোচনা করে এই উপমা ব্যবহারের তাৎপর্য লেখো। ১০

৩. শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের আখ্যানগুলি নায়কের ‘ইচ্ছার উদ্রেক—উপায় নির্ধারণ—সাফল্য বা ব্যর্থতা’—এই ভাবমূল নিয়ে গর্বিত। শ্রীকৃষ্ণকীর্তন পূর্ববর্তী কিছু প্রকীর্ণ শ্লোকে এই ধরনের ভাবমূল আছে কিনা তা জানিয়ে এই কাব্যের গঠনগত রূপকল্পটি ব্যাখ্যা করো। ১০

অথবা

(Turn Over)